

## উপস্থিতি



আইন অনুসারে, এটা বাধ্যতামূলক যে সমস্ত বাচ্চাদের (সাধারণত 5 থেকে 16) অবশ্যই একটি উপযুক্ত পূর্ণকালীন শিক্ষা গ্রহণ করতে হবে। পিতা বা মাতা হিসাবে আপনার বাচ্চাদের উপযুক্ত, পূর্ণকালীন পড়াশোনা হয়েছে তা নিশ্চিত করার একটি আইনী দায়িত্ব আপনার রয়েছে। আপনার শিশু স্কুলে নিবন্ধিত হয়ে গেলে তারা স্কুলে নিয়মিত উপস্থিত হচ্ছে তা নিশ্চিত করতে আইনত দায়বদ্ধ। এর অর্থ, আপনার সন্তানের অননুমোদিত অনুপস্থিতি করা উচিত নয়। আপনি যদি এটি না করেন তবে আপনাকে জরিমানা হতে পারে।

## ইনসেট (INSET) দিন



প্রতিটি শিক্ষাবর্ষে স্কুলগুলির পাঁচটি ইনসেট দিন থাকে। ইনসেটের দিনে স্কুলগুলি বন্ধ থাকে এবং আপনার সন্তানের উপস্থিতি থাকা উচিত নয়। ইনসেটের দিনগুলি কর্মীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। আপনার সন্তানের স্কুলটি তাদের ইনসেটের দিনগুলি কখন নির্ধারিত করেছে তার খবর রাখুন।

## বিনামূল্যে স্কুল আহার



**ইউনিভার্সাল ইনফ্যান্ট বিনামূল্যে স্কুল আহার** সমস্ত সরকারী অনুদানপ্রাপ্ত স্কুলগুলি রিসেপশন (Year R), প্রথম ও দ্বিতীয় বর্ষের প্রতিটি শিক্ষার্থীর জন্য বিনামূল্যে স্কুল খাবার সরবরাহ করে।

**অগ্রজ শিশুদের জন্য বিনামূল্যে স্কুল আহার** আপনি যদি বিভিন্ন ধরনের সুবিধাগুলির (benefit) মধ্যে কোনো একটি গ্রহণ করেন তাহলে 3 বছর থেকে 11 বছর পর্যন্ত শিশুরা বিনামূল্যে স্কুল আহারের অধিকারী হতে পারে। আপনি এখানে [here](#) আপনার যোগ্যতা যাচাই করতে পারেন এবং আপনার সন্তানের জন্য বিনামূল্যে স্কুল খাবারের জন্য অনলাইনে আবেদন করতে পারেন যেখানে আপনি বিভিন্ন ভাষায় মেনুও দেখতে পাবেন। আপনি একটি বিশেষ ডায়েটের বিকল্পের জন্যও অনুরোধ করতে পারেন, হালাল সমেত।


## স্কুলের জন্য পরিবহন



আপনার সন্তান তাদের বাড়ি থেকে বিদ্যালয়ে যাতায়াতের বিনামূল্যে পরিবহনের যোগ্য হবে **যদি**

- তারা আপনার নিকটবর্তী ক্যাচমেন্ট স্কুলে বা যেটি আপনার বাড়ির নিকটতম স্কুলে পড়ে **এবং**
  - যদি আট বছর অবধি বয়সী শিশুর দুই মাইলেরও বেশি বা আট থেকে ষোলো বছর বয়সী শিশুদের জন্য তিন মাইলেরও বেশি দূরত্বটি হয়।
- আপনাকে পরিবহনের জন্য আবেদন করতে হবে যদি আপনার সন্তান মানদণ্ড পূরণ করে।

## হোমওয়ার্ক



বেশিরভাগ বাচ্চাদের জন্য হোমওয়ার্ক সেট করা হবে। আপনার সন্তানের স্কুল ওয়েবসাইট পরীক্ষা করে বা আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করে আপনি যা প্রত্যাশা করা হচ্ছে তা খুঁজে পেতে পারেন। রিসেপশন (Year R) থেকেই আপনার সন্তানের সাথে বাড়িতে প্রতিদিন সময় করে বই পড়া উচিত। আপনার সন্তান বাড়িতে একটি পড়ার বই এবং পড়ার রেকর্ড উভয়ই নিয়ে আসবে। আপনার সন্তানের সাথে বইটি একসঙ্গে পড়ুন, ছবিগুলি সম্পর্কে কথা বলুন এবং সেখানে যদি কোনও শব্দ থাকে তাহলে আপনার সন্তানকে সেই শব্দগুলি পড়তে সাহায্য করুন। আপনি যখন আপনার সন্তানের সাথে পড়েছেন তখন পঠন রেকর্ডটি পূরণ করুন এর ফলে শিক্ষক জানতে পারবেন যে আপনি বাড়িতে এটি করছেন। আপনার সন্তানের সাথে অনুশীলনের করবার জন্য আপনাকে বাড়িতে মূল শব্দ (key words) প্রেরণ করা হতে পারে।

## পেরেন্টস ইভেনিং এবং স্কুলরিপোর্ট



কমপক্ষে প্রতিটি টার্মেই পেরেন্টস ইভেনিং আপনাকে যোগদানের জন্য আমন্ত্রিত করা হবে এবং সেখানে যোগদান করাটা দরকারি। বেশিরভাগ স্কুলই সময় স্লট অফার করে এবং আপনি সেই স্লটগুলির মধ্যে থেকে আপনার জন্য উপযুক্ত সময় বেছে নিতে পারেন। আপনার সন্তানের পড়াশোনার বিষয়ে যদি আপনার কোনও প্রশ্ন থাকে তা আপনি জিজ্ঞাসা করতে পারবেন যখন আপনার সন্তানের শিক্ষকের সাথে দেখা করবেন। স্কুল বছরের শেষে, আপনার সন্তানের পড়াশোনার অগ্রগতি সম্পর্কে একটি রিপোর্ট ও পাওয়া উচিত। আপনার সন্তান তাদের অগ্রগতি নির্বিশেষে পরবর্তী বছরে উত্তীর্ণ হবে - কারণ যুক্তরাজ্যে, শিশুরা কোনও স্কুল বছরের পুনরাবৃত্তি করে না।

## টার্ম চুটির দিনগুলি লাকালীন



সমস্ত পিতামাতা/ অভিভাবকের কাছ থেকে যতটা সম্ভব আশা করা হয় যেন তাদের পরিবারের ছুটির দিনগুলি স্কুলছুটির সময়ই গ্রহণ করেন যাতে বাচ্চাদের পড়াশোনা ব্যাহত না হয়। শিক্ষা আইনে উল্লেখ করা হয়েছে যে, টার্ম চলাকালীন তাদের সন্তানকে স্কুল থেকে বাইরে নিয়ে ছুটির জন্য নিয়ে যাওয়ার অধিকার পিতামাতার নেই। কেবলমাত্র প্রধান শিক্ষক ব্যতিক্রমী পরিস্থিতিতে ছুটির অনুমতি দিতে পারেন; এটি ব্যতিক্রমী কিনা এবং কতদিনের জন্য অনুমোদিত হবে তা প্রধান শিক্ষকের সিদ্ধান্ত।

## লিংকগুলি



[Positive behaviour management](#) ইতিবাচক আচরণ নির্বাহ করার কৌশল (বিভিন্ন ভাষায়)

[Bringing up your child bilingually](#) আপনার সন্তানকে দ্বিভাষিকভাবে প্রতিপালন করা (বিভিন্ন ভাষায়)

[School attendance](#) টার্ম চলাকালীন ছুটির দিন সম্পর্কে তথ্য

[Transport to school](#) পরিবহন সম্পর্কে তথ্য

[School holiday dates](#) স্কুলের ছুটির তারিখ সম্পর্কে তথ্য

[Free School Meals](#) বিনামূল্যে স্কুল আহার সম্পর্কে তথ্য